# নেইমার–রোনাল্ডো মহাদ্বৈরথে ফুটছে ফুটবলবিশ্ব

**মাদ্রিদ, ১৩ ফেব্রুয়ারি ঃ** অপেক্ষার অবসান। ড্র ঘোষণার পর থেকে যে ম্যাচের জন্য অধীর আগ্রহে দিন গুনছিল বিশ্বের ফুটবলপ্রেমীরা, চ্যাম্পিয়ন লিগের সেই মেগা ম্যাচ হাজির। ভারতীয় সময় বুধবার গভীর রাতে সান্তিয়াগো বার্নাব্যুতে মুখোমুখি হচ্ছে রিয়াল মাদ্রিদ ও প্যারিস সাঁ জাঁ। ছন্দে ফেরা রিয়াল শিবিরের সঙ্গে ফর্মে থাকা পিএসজির মহারণে যে আক্রমণ–পালটা আক্রমণের ফুলঝুরি ছুটবে তা বলাই যায়। দুই শিবিরের হয়ে আক্রমণের নেতৃত্বে থাকবেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ও নেইমার জুনিয়ার। তাই রোনাল্ডো–নেইমার দ্বৈরথ এই মহাম্যাচের পারদ কয়েক গুণ বাড়িয়ে দিয়েছে। দুই লেগের রাউন্ড অফ ১৬–র লড়াইয়ের আগে রোনাল্ডোও জানিয়ে দিয়েছেন, 'এই টাইটাই গোটা মরশুমের প্রতিচ্ছবি হতে পারে।' পাঁচবারের ব্যালন ডি'ওর জয়ী তারকা ভালোই জানেন, পরের মরশুমের চিত্রটা ঠিক করে দেবে এই টাইটা। যে দলই হারুক না কেন, মরশুম শেষে তাদের কোচের চাকরি যেতে পারে। পাশাপাশি, অনেক খেলোয়াড়ের ভবিষ্যৎ ঠিকানাও নিশ্চিত হতে পারে এই ম্যাচে। এমনিতেই স্প্যানিশ সংবাদমাধ্যমে জোর গুঞ্জন, পরের মরশুমেই হয়তো পিএসজি থেকে রোনাল্ডোর বিকল্প হিসেবে রিয়ালে চলে আসবেন নেইমার। আপাতত স্প্যানিশ রাজধানীতে রোনাল্ডোর থেকেও আলোচনা বেশি চলছে নেইমার জুনিয়ারকে ঘিরেই। তাই একদিকে যেমন রোনাল্ডোর কাছে ম্যাচটা ফের একবার নিজেকে প্রমাণ করার, তেমনই নেইমারের কাছে সুযোগ গুঞ্জনটাকে আরও জোরালো করার। এমনিতেই বার্সেলোনা থেকে রেকর্ড ২২২ মিলিয়ন ইউরোয় পিএসজিতে আসার পরে সমর্থকদের ট্রফি উপহার দেওয়ার অঙ্গীকার করেছিলেন নেইমার। তাই আপাতত তাঁর সেই কথা রাখার পালা। গত ১০ বছর ধরে মেসি–রোনাল্ডোর ছটায় অন্য কেউ বর্ষসেরার ব্যালন ডি'ওরের পথে এগোতে পারেননি। নেইমারকে বেশ কয়েকবার তিন নম্বর স্থান নিয়েই সন্তুষ্ট থাকতে হয়েছে। মেসির ছায়া ছেড়ে বেরিয়ে বিশ্ব ফুটবলে নিজেকে আলাদা করে মেলে ধরার চ্যালেঞ্জটা গত মরশুমের শেষেই নিয়েছিলেন নেইমার। ইউরোপের ক্লাব ফুটবলের সেরা মঞ্চে এবার তাই নিজেকে প্রমাণ করার পালা তাঁর। গ্রুপস্তরে বেয়ার্ন মিউনিখের বিরুদ্ধে তাঁকে পাওয়া গিয়েছিল দারুণ ছন্দে, কিন্তু রিয়ালের বিরুদ্ধে নেইমার কেমন পারফরম্যান্স মেলে ধরতে পারেন তার দিকে নজর থাকবে গোটা ফুটবল বিশ্বের।

গতবারের চ্যাম্পিয়ন্স লিগে মূলত নেইমারের দুরন্ত খেলার সুবাদেই পিএসজির বিরুদ্ধে দুরন্ত প্রত্যাবর্তনের রাস্তা তৈরি করেছিল বার্সেলোনা। প্যারিসের ক্লাবের সমর্থকদের জন্য এবার প্রতিদানের পালা ব্রাজিলিয়ান তারকার। নেইমার, এমবাপেদের দলে পেতে আশাবাদী পিএসজি ফুটবলাররাও। ডি মারিয়ার মতে, 'গত মরশুমের থেকে এবারে আরও শক্তিশালী আমরা।' রোনাল্ডোর মতোই নেইমারেরও একার পক্ষে ম্যাচ ঘুরিয়ে দেওয়ার ক্ষমতাটা তাদের পক্ষে বড়ো অ্যাডভান্টেজ বলেই মনে করছেন মেসির দেশোয়ালি ডি'মারিয়া। এদিকে, গুরুত্বপূর্ণ ম্যাচের আগে ছন্দে ফিরেছে রিয়াল মাদ্রিদ। হ্যাটট্রিক করে সমালোচকদের ফের একবার হিমঘরে পাঠিয়ে দিয়েছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। রিয়াল প্রশিক্ষক জিনেদিন জিদান দলের ছন্দে ফেরার সঙ্গে সেরা অস্ত্রের ফের চেনা ঝলকানিতে স্বাভাবিক কারণেই বেশ খুশি। বরং রোনাল্ডোর ফর্ম নিয়ে সতীর্থদের সতর্ক করে দিয়েছেন এডিনসন কাভানি।

এদিকে, এদিন চ্যাম্পিয়ন্স লিগের নকআউট স্তরের অপর ম্যাচে মুখোমুখি হচ্ছে লিভারপুল ও এফসি পোর্তো। জুরগেন ক্লপের প্রশিক্ষণে দীর্ঘ নয়বছর বাদে ইউরোপের সেরা প্রতিযোগিতার নকআউট পর্বে উঠেছে লিভারপুল। ফিলিপে কুটিনহো জানুয়ারির ট্রান্সফার উইন্ডোতে দল ছাড়লেও সালাহ, ফার্মিনো মানে সমৃদ্ধ লিভারপুল, আক্রমণভাগ বেশ ভালো ছন্দে রয়েছে। বিশেষত মহম্মদ সালাহর দুরন্ত ফুটবলের সুবাদে ইংলিশ প্রিমিয়ার লিগে ভালো ছন্দে রয়েছে রেডসরা। এবারে চ্যাম্পিয়ন্স লিগে তারা কতটা ভালো পারফরম্যান্স মেলে ধরতে পারে, সেটাই দেখার। বিশেষ করে গোটা মরশুম ধরেই লিভারপুলকে ভোগাচ্ছে তাদের রক্ষণভাগ। দলকে ভরসা দিতে ব্যর্থ তাদের গোলরক্ষকরাও। এমনিতেই পোর্তোর আক্রমণভাগে আবু বাকার গোটা গ্রুপস্তরে দলকে প্রায় একাই টেনেছেন। তাই বাকারকে আটকাতে কতটা সক্ষম হয় লিভারপুলের রক্ষণ, তার উপরে অনেকাংশে নির্ভর করবে অ্যানফিল্ডে প্রথম লেগের ম্যাচের ফলাফল।

**আজ চ্যাম্পিয়ন্স লিগে**
**রিয়াল মাদ্রিদ** বনাম **প্যারিস সাঁ জাঁ**
**লিভারপুল** বনাম **পোর্তো**
দুটি ম্যাচই রাত ১ টা ১৫ মিনিট থেকে

**নেইমার**
ম্যাচ ঃ ২৭, গোল ঃ ২৮, অ্যাসিস্ট ঃ ১৬

**রোনাল্ডো**
ম্যাচ ঃ ২৮, গোল ঃ ২৩, অ্যাসিস্ট ঃ ৫

## চেলসির জয়ে সমর্থকদের ধন্যবাদ কন্তের

**লন্ডন, ১৩ ফেব্রুয়ারি ঃ** গত সপ্তাহে ওয়াটফোর্ডের বিরুদ্ধে ৪–১ গোলে লজ্জার হার দলে একটা দমবন্ধ পরিস্থিতির সৃষ্টি করেছিল। কিন্তু সোমবার রাতে ঘরের মাঠে ওয়েস্ট ব্রমউইচ অ্যালবিয়নকে তিন গোলে উড়িয়ে জয়ের সরণিতে ফিরে এসেছে চেলসি। যার ফলে জয়ের পর স্ট্যামফোর্ড ব্রিজের সমর্থকদের ধন্যবাদ দিলেন চেলসির কোচ অ্যান্তোনিও কন্তে। আগামী সপ্তাহে চ্যাম্পিয়ন্স লিগে শক্তিশালী বার্সেলোনার মুখোমুখি হবে ব্লুজরা। পাশাপাশি, শুক্রবার এফএ কাপে হাল সিটির বিরুদ্ধে ম্যাচ রয়েছে তাদের। তার আগে ইপিএলের এই জয় নিশ্চিতভাবেই এডেন হ্যাজার্ডদের আত্মবিশ্বাস বাড়াবে। এই বেলজিয়ান তারকার জোড়া গোলের সঙ্গে ভিক্টর মোজেসের গোল সোমবার ব্লুজদের জয় নিশ্চিত করে। ম্যাচের পর সাংবাদিক সম্মেলনে এ প্রসঙ্গে কন্তে বলেছেন, 'জয়ের জন্য সমর্থকদের ধন্যবাদ জানাতে চাই। কেননা ওনারা গোটা ম্যাচে আমাকে ও দলকে প্রচুর সমর্থন করেছেন। স্টেডিয়ামের পরিবেশটা খুব ভালো ছিল। এরকম পরিবেশ পেলে পরিশ্রম সার্থক মনে হয়। তিন পয়েন্ট পাওয়ায় আমি খুশি। তবে আমরা আরও ভালো খেলার ক্ষমতা রাখি। দুটো বাজে হারের পর আমরা কিছুটা ব্যাকফুটে থেকে শুরু করেছিলাম। ফলে এই জয়টা আগামীদিনে দলের কাজে লাগবে।' চেলসির এদিনের জয়ে হ্যাজার্ড ছাড়াও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন সদ্য দলে আসা অলিভার জিরোড ও আলভারো মোরাতা। এ প্রসঙ্গে প্রাক্তন জুভেন্তাস কোচ বলেছেন, 'ওরা দুজনেই ফিট হয়ে ম্যাচটা খেলেছে, সেটা সবচেয়ে ভালো দিক। তিন পয়েন্টের পাশাপাশি আমরা ক্লিন শিট রাখতে পেরেছি। এই ফর্মটা আমাদের আসন্ন ম্যাচেও ধরে রাখতে হবে।'

## জামশেদের বিরুদ্ধে তদন্তে পিসিবি

**করাচি, ১৩ ফেব্রুয়ারি ঃ** প্রায় এক বছরের মাথায় পাক ক্রিকেটার নাসির জামশেদের বিরুদ্ধে গড়াপেটার অভিযোগের তদন্ত শুরু করল পাকিস্তান ক্রিকেট বোর্ড। গতবছর ফেব্রুয়ারিতে ইংল্যান্ডে ন্যাশনাল ক্রাইম এজেন্সি গ্রেফতার করে জামশেদকে। তাঁর বিরুদ্ধে ম্যাচ ফিক্সিংয়ের অভিযোগ রয়েছে। পিসিবি–র পক্ষ থেকে এক বছরের মাথায় তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপের বার্তা দেওয়া হল। পিসিবি এই পাক ক্রিকেটারের বিরুদ্ধে গড়াপেটার পাশাপাশি তদন্তকারী কমিটির সঙ্গে অসহযোগিতার অভিযোগ তুলেছে। একইসঙ্গে পাঁচটি ধারায় জামশেদের বিরুদ্ধে তদন্ত শুরু করার পাশাপাশি দু–সপ্তাহের মধ্যে তাঁকে আত্মপক্ষ সমর্থনের নির্দেশ দিয়েছে দুর্নীতিদমন শাখা।

## কেনের ব্যাটে ইংল্যান্ড–বধ কিউয়িদের

**ওয়েলিংটন, ১৩ ফেব্রুয়ারি ঃ** টি২০ সিরিজের শুরু থেকে নিজের ফর্ম নিয়ে চিন্তায় ছিলেন কিউয়ি অধিনায়ক কেন উইলিয়ামসন। খারাপ ফর্মের জন্য অনেক সমালোচকই তাকে টি২০–র মতো সীমিত ওভারের ক্রিকেট থেকে সরে দাঁড়ানোর পরামর্শ দিয়েছিলেন। তবে সব সমালোচনার জবাব দিতে ত্রিদেশীয় টি২০ সিরিজে ঘরের মাঠে ইংল্যান্ডের বিরুদ্ধে ম্যাচটাকেই বেছে নিয়েছিলেন উইলিয়ামসন। চারটি ছয় আর চারটি চারের সাহায্যে তিনি করলেন ৪৬ বলে ৭২ রান। সঙ্গী মার্টিন গুপটিলের (৬৫) সঙ্গে জুটি বেঁধে প্রথম নয় ওভারে গড়লেন ৮২ রানের পার্টনারশিপ। উইলিয়ামসন–গুপটিলের ব্যাটে ভর করেই নির্ধারিত ২০ ওভারে পাঁচ উইকেটে হারিয়ে ১৯৬ তুলল নিউজিল্যান্ড। ব্যাট করতে নেমে দারুণ লড়াই করলেন ইংল্যান্ডের ব্যাটসম্যানরাও। নয় উইকেটে হারিয়ে তারা করলেন ১৮৪ রান। যদিও শেষ পর্যন্ত জয়ের হাসি হাসলেন কিউয়িরাই। ইংল্যান্ডকে ১২ রানে হারিয়ে ফাইনালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলাটা অনেকটাই পাকা করে ফেলল নিউজিল্যান্ড।

মঙ্গলবার ওয়েলিংটনের রিজিয়োনাল স্টেডিয়ামে ব্ল্যাক ক্যাপসদের জার্সিতে অভিষেক হল হংকংয়ের প্রাক্তন ক্রিকেটার মার্ক চ্যাপম্যানের। চ্যাপম্যানের পাশাপাশি প্রথমবার কিউয়ি জার্সিতে মাঠে নামলেন টিম সেইফার্টও। দলের রান দুশোর কাছাকাছি নিয়ে যেতে বিশেষ ভূমিকা নিলেন তারা। চ্যাপম্যান করলেন ২০ আর সেইফার্টের ব্যাট থেকে এল ৬ বলে ১৪। ১৯৬ রান তাড়া করতে নেমে শুরুতে জেসন রয়ের (৮) উইকেট হারালেও দলকে শক্ত ভিতের উপর দাঁড় করান অ্যালেক্স হেলস (৪৭) এবং দায়িদ মালান (৫৯)। তবে মালান ফিরতেই ইংল্যান্ডের জয়ের স্বপ্ন শেষ হয়ে যায়। ১৭তম ওভারে স্যান্টনারের বলে যখন মালান আউট হন তখন জয়ের জন্য ইংল্যান্ডের প্রয়োজন মাত্র ৩৯ রান। শেষ দিকে ডেভিড উইলি (২১) মরিয়া লড়াই চালালেও তা জয়ের জন্য যথেষ্ট ছিল না। নিউজিল্যান্ডের হয়ে দুটি করে উইকেট নেন ট্রেন্ট বোল্ট, ইশ সোধি এবং মিচেল স্যান্টনার।

এই জয়ের সুবাদে ২১ ফেব্রুয়ারি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ইডেন পার্কে ফাইনালে খেলতে নামার সম্ভাবনা অনেক উজ্জ্বল হল উইলিয়ামসনদের। ম্যাচ শেষে কিউয়ি অধিনায়ক বলেন, 'সিরিজে টিকে থাকতে গেলে এই ম্যাচ জেতার ভীষণ দরকার ছিল। প্রতিপক্ষ হিসেবে বেশ কঠিন ছিল ইংল্যান্ড। ওদের বিরুদ্ধে জেতাটা সহজ ছিল না। দলের ক্রিকেটাররা যেভাবে উজ্জীবিত ক্রিকেট উপহার দিল তাতে আমি খুশি। শুরুতেই একটা পার্টনারশিপ গড়াটা দরকার ছিল। যেটা আমি আর মার্টিন (গুপটিল) মিলে দারুণভাবে করতে পেরেছি।' অন্যদিকে, হারের জন্য নিজেদের বোলিংকে দায়ী করে ইংল্যান্ড অধিনায়ক জস বাটলার বলেন, 'আমরা ১০–১৫ রান বেশি দিয়ে ফেলেছি। আর একটু পরিকল্পনামাফিক বোলিং করলে আজ আমরাই জিততে পারতাম।' একইসঙ্গে দলের মিডিল অর্ডারের ব্যাটিং ব্যর্থতা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

*ইংল্যান্ডের বিরুদ্ধে আক্রমণাত্মক মেজাজে গুপটিল।*

## 'নির্দোষ' স্টোকসকে নিউজিল্যান্ডে দলের সঙ্গে যোগ দেওয়ার নির্দেশ ইসিবি–র

**ব্রিস্টল, ১৩ ফেব্রুয়ারি ঃ** 'ব্রিস্টল কাণ্ডে' জড়িত থাকার অভিযোগে মঙ্গলবার কোর্টে হাজিরা দিলেন ইংল্যান্ডের অলরাউন্ডার বেন স্টোকস। ব্রিস্টলের ম্যাজিস্ট্রেট কোর্টে দাঁড়িয়ে নিজেকে নির্দোষ বলে দাবি করেন তিনি। তার বক্তব্য শোনার পর জেলা আদালতের বিচারক সাইমন কুপার বলেন, 'ব্রিস্টলের ক্রাউন কোর্টে স্টোকসের বিরুদ্ধে মামলার শুনানি শুরু হবে।' প্রথম শুনানির দিন ধার্য করা হয়েছে ১২ মার্চ। একইসঙ্গে বেন স্টোকসের জামিনও বহাল রাখেন বিচারক। এর ফলে স্টোকসের জাতীয় দলে ফেরা নিয়ে আর কোনো সংশয় থাকল না। ইতিমধ্যেই স্টোকসকে নিউজিল্যান্ডের মাটিতে ত্রিদেশীয় টি২০ সিরিজ খেলতে ব্যস্ত ইংল্যান্ডের জাতীয় দলের সঙ্গে যোগ দেওয়ার নির্দেশ দিয়েছে ইসিবি।

বুধবার নিউজিল্যান্ডের উদ্দেশ্যে রওনা দেবেন স্টোকস। ১৬ ফেব্রুয়ারি হ্যামিল্টনে দলের সঙ্গে অনুশীলনে যোগ দেওয়ার কথা এই অলরাউন্ডারের। তবে তাকে প্রথম দলে খেলানো হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্তের ভার কোচ ট্রেভর বেইলিসের উপরই ছেড়ে দিয়েছে ইসিবি। ১২ মার্চ ব্রিস্টলের ক্রাউন কোর্টে স্টোকসের প্রথম শুনানি থাকলেও সেদিন তার হাজিরা বাধ্যতামূলক নয় বলে জানিয়েছে কোর্ট। কিছুদিন আগেই ব্রিস্টল কাণ্ডের শুনানি শুরু হতে দেরি হওয়া নিয়ে উষ্মা প্রকাশ করেছিল ইসিবি। আদালতের এই রায়ের পর স্বস্তিতে স্টোকস নিজেও। সোশ্যাল মিডিয়ায় ইংল্যান্ডের এই অলরাউন্ডার বলেন, 'আদালতকে ধন্যবাদ। নিজের নামকে কালিমামুক্ত করার সুযোগ দেওয়ার জন্য।'

প্রসঙ্গত, গত বছর সেপ্টেম্বরে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে একদিনের সিরিজ চলাকালীন ব্রিস্টলের পানশালার বাইরে হাতাহাতিতে জড়ান এই অলরাউন্ডার। প্রকাশ্যে মারপিট করার জন্য গ্রেফতার করা হয় স্টোকসকে। স্টোকসের বিরুদ্ধে তদন্ত শুরু হওয়ার পর তাকে সমস্ত ধরনের ক্রিকেট থেকে নির্বাসিত করে ইসিবি। ব্রিস্টল কাণ্ডে দোষী প্রমাণিত হলে স্টোকসের ছয় মাস থেকে তিন বছর পর্যন্ত জেল হাজত হতে পারে। স্টোকসের সঙ্গে সেদিন ঘটনাস্থলে ছিলেন ইংল্যান্ডের আর এক ক্রিকেটার অ্যালেক্স হেলসও। যদিও তার বিরুদ্ধে কোনো চার্জ গঠন করেনি পুলিশ। ব্রিস্টল কাণ্ডের পর ইংল্যান্ডের জাতীয় দলে স্টোকসকে খেলতে না দেখা গেলেও নিউজিল্যান্ডের ঘরোয়া ক্রিকেটে ক্যান্টারবেরি কিংসের হয়ে অংশ নিতে দেখা গিয়েছে ২৬ বছরের এই অলরাউন্ডারকে। একাদশতম আইপিএলে রাজস্থান রয়্যালসের হয়ে খেলতে দেখা যাবে বেন স্টোকসকে।

*ব্রিস্টলের ম্যাজিস্ট্রেট কোর্টে ঢুকছেন বেন স্টোকস।*

## রাজস্থান রয়্যালসের মেন্টরের দায়িত্বে ওয়ার্ন

**জয়পুর, ১৩ ফেব্রুয়ারি ঃ** সাত বছরের মাথায় ফের আইপিএল মঞ্চে ফিরতে চলেছে ওয়ার্ন ম্যাজিক। ২০০৮ সালে আইপিএলের প্রথম মরশুমে শেন ওয়ার্নের নেতৃত্বে চ্যাম্পিয়ন হয়েছিল রাজস্থান রয়্যালস। আইপিএল ট্রফি জয়ের দশ বছরের মাথায় 'ঘরে ফিরতে' চলেছেন এই অসি কিংবদন্তি। ম্যাচ ফিক্সিং কাণ্ডে যুক্ত থাকার অভিযোগে গত দুই মরশুম আইপিএল থেকে নির্বাসিত ছিল রাজস্থানের এই ফ্র্যাঞ্চাইজি। ২০১৮–তে একাদশতম আইপিএলে ফের প্রত্যাবর্তন ঘটছে রাজস্থানের। তারই পাশাপাশি রাহানে–স্মিথদের মেন্টর হিসেবে রাজস্থান রয়্যালসে ফিরছেন ওয়ার্নও। অসি কিংবদন্তি লেগ স্পিনারের যোগ দেওয়ার খবর স্বীকার করে নিয়ে রাজস্থান ফ্র্যাঞ্চাইজির পক্ষ থেকে মনোজ বাদালে জানান, 'শেন ওয়ার্নের মতো কিংবদন্তিকে পেয়ে আমরা আনন্দিত। আমরা মনে করি, ওয়ার্ন এই দলের মেন্টর হওয়ার যোগ্য ব্যক্তি।' রাজস্থান রয়্যালসের সঙ্গে যুক্ত হতে পেরে উচ্ছ্বসিত ওয়ার্ন নিজেও। সমর্থকদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, 'রাজস্থান রয়্যালসের সঙ্গে ফের যুক্ত হতে পেরে ভীষণ আনন্দ হচ্ছে। এই দলের সঙ্গে অতীতে অনেক আনন্দের স্মৃতি জড়িয়ে রয়েছে। এবার বেশ শক্তিশালী দল তৈরি করেছে রাজস্থান রয়্যালস। দলের ক্রিকেটারদের সঙ্গে কাজ করতে আমি মুখিয়ে রয়েছি।'

## অনুষ্ঠান নানা চ্যানেলে

**বকুলকথা** রাত ৯টায় জি বাংলায়

**ভ্যালেন্টাইন্স ডে স্পেশাল উইকে**
আজ নন্দিনী–সর্বজিৎ সেনের স্পেশাল ডিশ জানতে দেখুন
**রাঁধুনি**
সন্ধে ৬টায়
**আকাশ আটে**

**অ্যানিম্যাল ফাইট ক্লাব** রাত ৮টায় ন্যাশনাল জিওগ্রাফিক চ্যানেলে

### খেলা

**স্টার স্পোর্টস টু ঃ** দুপুর ১.৫০ আই লিগ, নেরোকা বনাম চার্চিল ব্রাদার্স। **স্টার স্পোর্টস ওয়ান হিন্দি/তামিল/ স্টার স্পোর্টস টু ঃ** সন্ধে ৭.৫০ ইন্ডিয়ান সুপার লিগ, **নর্থইস্ট ইউনাইটেড** বনাম **দিল্লি ডায়নামোস**। উয়েফা চ্যাম্পিয়ন লিগ ঃ **সোনি সিক্স ঃ** রাত ১.১৫ **পোর্তো** বনাম **লিভারপুল**। **সোনি টেন টু ঃ** রাত ১.১৫ **রিয়াল মাদ্রিদ** বনাম **পিএসজি**।

**ম্যাচগুলি দেখুন সরাসরি**

**ডিডি বাংলা ঃ** সকাল ৭.০০ সকাল সকাল, ৯.০০ প্রধানমন্ত্রী আবাস যোজনা, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রান্না, বিকেল ৩.০০ পরীক্ষা স্পেশাল, ৪.০০ মন নিয়ে, ৫.০৫ ছায়াছবির গান, ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.৩০ প্রযুক্তি তক্কো গপ্পো, ৭.৩০ যুক্তি তক্কো, রাত ৯.০৫ গান অন্তহীন, ১১.০০ অর্থনীতির দুনিয়া

### প্রেমের দিনে প্রেমের ছবি

**আর ... রাজকুমার** বিকেল ৫.২৫ ইউটিভি মুভিজে

**আশিকি টু** বিকেল ৩টেয় সোনি ম্যাক্সে

**মিউজিক অ্যান্ড লিরিকস**
বিকেল ৪.৪১ মিনিটে এইচবিও–তে

**ডিডি বাংলা ঃ** বেলা ১১.০৫ বনমালীর পদাবলি
**আকাশ আট ঃ** দুপুর ২.৩০ তুমি কত সুন্দর
**কালার্স বাংলা ঃ** দুপুর ২.৩০ জীবন যোদ্ধা
**জলসা মুভিজ ঃ** সকাল ১০.০০ বেশ করেছি প্রেম করেছি, দুপুর ১.২০ পারব না আমি ছাড়তে তোকে, বিকেল ৪.২০ আই লাভ ইউ, রাত ১০.০০ চিরদিনই তুমি যে আমার
**জি বাংলা সিনেমা ঃ** সকাল ১০.০০ গুটি মল্লারের অতিথি, দুপুর ১২.০০ তোর নাম, বিকেল ৩.০০ দেখ কেমন লাগে, সন্ধে ৬.০০ অমর প্রেম, রাত ৯.০০ লাভ লেটার
**স্টার গোল্ড ঃ** সকাল ১০.২০ গোলমাল থ্রি, দুপুর ১.২০ প্রেম রতন ধন পায়ো, বিকেল ৪.৪৫ রেডি, সন্ধে ৭.৫৫ জয় হো, রাত ১১.০০ জিনে নেহি দুঙ্গা
**অ্যান্ডপিকচার্স ঃ** সকাল ১০.২৩ বধাই হো বধাই, দুপুর ১.৪০ জুদাই, বিকেল ৪.৫২ লিঙ্গা, রাত ৮.০০ হাউসফুল, ১১.০০ লেজেন্ড অফ নাগা পার্লস।